স্টাফ রিপোর্টার: সিরাজগঞ্জে জেলা মহিলা আওয়ামী লীগ কার্যালয়ে ককটেল হামলার ঘটনায় দায়ের করা মামলায় বিএনপির শতাধিক নেতাকর্মীকে আগাম জামিন দিয়েছেন হাইকোর্ট। গতকাল সোমবার বিকেলে হাইকোর্টের বিচারপতি মুহাম্মদ আবদুল হাফিজ ও বিচারপতি মহিউদ্দিন শামীমের দ্বৈত বেঞ্চ এ আদেশ দেন। জেলা বিএনপির যুগ্ম-সম্পাদক হারুন অর রশিদ খান হাসান এ তথ্য নিশ্চিত করেছেন। জামিন প্রাপ্তদের মধ্যে রয়েছেন বিএনপি নেতা মজিবুর রহমান লেবু, নাজমুল হাসান রানা, জেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইদুর রহমান বাচ্চু, শামীম খান, নুর কায়েস সবুজ, হারুন অর রশিদ খান হাসান, রাশেদুল হাসান রঞ্জন, ভিপি তিমির কৃষ্ণ দাস ও আনোয়ার হোসেন রাজশে। উল্লেখ্য, গত ৩০ অক্টোবর রাতে শহরের মুজিব সড়কে মহিলা আওয়ামী লীগ কার্যালয়ের সামনে ককটেল হামলার ঘটনা ঘটে। এ ঘটনায় সদর থানা মহিলা আওয়ামী লীগ সভাপতি হাসিনা বানু রুমা বাদি হয়ে বিএনপি-জামায়াতের ১২০ নেতাকর্মীর নাম উল্লেখ করে অজ্ঞাতনামা আরো ৩০/৩৫ জনকে আসামি করে সিরাজগঞ্জ সদর থানায় মামলা দায়ের করেন।